

শাখার দপ্তরগুলি

সদর দপ্তর - The Bronx

One Fordham Plaza, 4th Floor
Bronx, NY 10458
ফোন: (718) 741-8400

Albany

Agency Building 1, 2nd Floor
Empire State Plaza
Albany, NY 12220
ফোন: (518) 474-2705 (বা 2707)

Binghamton

44 Hawley St., Room 603
Middletown, NY 13901
ফোন: (607) 721-8467

Brooklyn

55 Hanson Place, Room 304
Brooklyn, NY 11217
ফোন: (718) 722-2385

Buffalo

65 Court Street, Suite 506
Buffalo, NY 14202
ফোন: (716) 847-7632

Long Island (Suffolk)

250 Vet. Memorial Hwy., Suite 2B-49
Hauppauge, NY 11788
ফোন: (631) 952-6434

Long Island (Nassau)

50 Clinton Street, Ste. 301
Hempstead, NY 11550
ফোন: (516) 539-6848

Manhattan

163 West 125th Street, 4th Floor
New York, NY 10027
ফোন: (212) 961-8650

যৌন হয়রানির সমস্যার দপ্তর

55 Hanson Place, Room 900
Brooklyn, NY 11217
ফোন: (718) 722-2060

Rochester

One Monroe Square,
259 Monroe Ave., Suite 308
Rochester, NY 14607
ফোন: (585) 238-8250

Syracuse

333 East Washington St., Room 543
Syracuse, NY 13202
ফোন: (315) 428-4633

White Plains

7-11 South Broadway, Suite 314
White Plains, NY 10601
ফোন: (914) 989-3120



Division of
Human Rights

মানবাধিকার আইন ও মানবাধিকার শাখা সংক্রান্ত প্রাথমিক নির্দেশিকা

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Basic Guide to the Human Rights
Law & the Division of Human Rights

মানবাধিকার আইন

1945 সালে, নিউ ইয়র্ক স্টেট আইনসভা সেই আইনটি পাশ করে যেটি ছিল দেশের প্রথম নাগরিক অধিকার আইন। এই আইন — যা বর্তমানে মানবাধিকার আইন নামে পরিচিত — চাকরি, আবাসন, ক্রেডিট, সর্বসাধারণের প্রকাশ্য স্থানগুলি, ইন্টারশিপ, গার্হস্থ্য পরিষেবা, অগ্নি-নির্বাপণের স্বেচ্ছাসেবিতায় এবং বেসরকারি, অসাম্প্রদায়িক শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বৈষম্য নিষিদ্ধ করে।

মানবাধিকার আইন ব্যক্তিসমূহকে তাদের এগুলির ভিত্তিতে বেআইনি বৈষম্যের থেকে রক্ষা করে:

- বয়স,
- ধর্মবিশ্বাস,
- জাতি,
- বর্ণ,
- লিঙ্গ,
- যৌন পছন্দ,
- মূল জাতীয়তা,
- বৈবাহিক স্থিতি:
- পারিবারিক হিংসার শিকার হওয়া ব্যক্তির স্থিতি (কেবলমাত্র চাকরিতে),
- প্রতিবন্ধকতা,
- লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি
- সামরিক স্থিতি,
- পক্ষে সমাধান হওয়া গ্রেপ্তারীর রেকর্ড,
- দণ্ডাজ্ঞা পাওয়ার রেকর্ড,
- আগে থেকে আরোপিত জিনগত বৈশিষ্ট্যের প্রবণতা,
- পারিবারিক স্থিতি
- আইনসম্মত আয়ের উৎস

কোনও ব্যক্তি তার বিরুদ্ধে এরকম কোনও প্রলক্ষণ বা বৈশিষ্ট্যের ভিত্তিতে বৈষম্য করা হয়েছে বলে মনে করলে তার বেআইনি বৈষম্যের বিরুদ্ধে একটি বৈধ অভিযোগ থাকতে পারে। মানুষকে অভিযোগ দায়ের করার বা বৈষম্যের বিরোধিতা করার বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া থেকেও সুরক্ষা দেওয়া হয়।

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার শাখা স্টেট অব নিউ ইয়র্ক এর মানুষদের জন্য অন্যান্য জিনিশের সঙ্গে কথিত বৈষম্যের বিরুদ্ধে ব্যক্তিদের দায়ের করা অভিযোগের তদন্ত, শুনানি ও নিষ্পত্তির মাধ্যমে এই গুরুত্বপূর্ণ আইনটি বলবৎ করে।

শাখার কাছে অভিযোগ দায়ের করা

একটি অভিযোগ দায়ের করা হয়ে গেলে পর অভিযোগের তদন্ত করতে একজন তদন্তকারী নিয়োগ করা হবে। এটা লিখিত যোগাযোগের, টেলিফোনে কথোপকথনের, কথিত বৈষম্যের স্থানটি পরিদর্শনের, প্রকৃত ঘটনার খোঁজ করার পরামর্শভার অথবা এই পদ্ধতিগুলির সমাহার করা যেতে পারে। তদন্তকারীর ভূমিকা হল

এই কেসের প্রকৃত ঘটনাগুলির তদন্ত করা। তদন্তকারী আইনি পরামর্শ দিতে অথবা আইনজীবী বা প্রতিনিধি হিসেবে কাজ করতে পারেন না।

যে ব্যক্তি বৈষম্যের অভিযোগ দায়ের করেন তাকে বাদী বলে উল্লেখ করা হয় এবং কথিত বৈষম্যকারীকে বিবাদী বলে উল্লেখ করা হয়।

প্রশাসনিক শুনানি

যদি তদন্তকারী নির্ধারণ করেন যে এই সম্ভাব্য কারণ বিদ্যমান যে বাদী বেআইনি বৈষম্যের শিকার হয়েছিলেন বা হয়েছে, তাহলে বিষয়টি প্রশাসনিক শুনানিতে যাবে।

প্রশাসনিক শুনানি আদালতের বিচার প্রক্রিয়ার অনুরূপ। প্রশাসনিক আইনের বিচারক অভিযোগ-মধ্যস্থ যুক্তিগুলির ভিত্তিতে শুনানি পরিচালনা করবেন। এই শুনানিতে উভয়পক্ষই তাদের অবস্থানের সমর্থনে প্রমাণ উপস্থাপিত করতে পারবেন। শুনানি একটি প্রথাগত প্রক্রিয়া হলেও এই প্রক্রিয়া চলাকালীন বাদীগণের নিজেদের আইনজীবীর মাধ্যমে প্রতিনিধিত্বের প্রয়োজন নেই।

শাখার থেকে অভিযোগের সমর্থনে কেস উপস্থাপিত করতে অ্যাটর্নি বা অন্য কোনও এজেন্টের ব্যবস্থা করা হবে। এই পরিষেবাটির জন্য কোনও শুল্ক লাগবে না। যদিও, বাদীগণ চাইলে তাদের প্রতিনিধিত্বের জন্য নিজেদের অ্যাটর্নিও নিয়োগ করতে পারেন।

কমিশনারের আদেশ

শুনানির পরে ও শুনানিতে উপস্থাপিত প্রমাণাদির ভিত্তিতে কেসের দায়িত্বপ্রাপ্ত প্রশাসনিক আইনের বিচারক একটি সুপারিশকৃত আদেশ জারি করবেন, যাতে উভয়পক্ষকে ও কমিশনারকে কীভাবে কেসটির সমাধান করতে হবে - অর্থাৎ, বাদীর পক্ষে, না বিবাদীর পক্ষে, তার সম্পর্কে পরামর্শ দেওয়া থাকবে।

কমিশনার অভিযোগগুলি, প্রমাণাদি ও প্রশাসনিক আইনের বিচারকের সুপারিশকৃত আদেশ পর্যালোচনা করবেন এবং একটি চূড়ান্ত কমিশনের আদেশ জারি করবেন।

কমিশনের আদেশ বাদীর পক্ষে গেলে আদেশে একটি প্রতিকার নির্দিষ্ট করা থাকবে। প্রতিকারের মধ্যে নীতির ও/বা রীতির বদল; চাকরিতে পুনর্বহাল করা; সুদসহ বকেয়া বেতন বা বৈষম্যমূলক আচরণের কারণে হারানো সুবিধা প্রদান করা; পরিষেবা প্রদান করা; বাসস্থান, প্রতিষ্ঠান বা কার্যক্রমে সমান আচরণ করা ও/বা মানসিক দুর্দশার ক্ষতিপূরণ দেওয়া থাকতে পারে। দেওয়ানি জরিমানারও মূল্যায়ন করা হবে।

আপীলসমূহ

তদন্তকারী বেআইনি বৈষম্যের ঘটনা ঘটানোর কোনও সম্ভাব্য কারণ খুঁজে না পেলে বাদীর হাতে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট-এ সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করার জন্য ষাট (60) দিন থাকবে।

বাদী ও বিবাদী উভয়েই কমিশনারের আদেশের বিরুদ্ধে সেই আদেশ জারি হওয়ার ষাট (60) দিনের মধ্যে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট-এ আপীল করতে পারবেন।